

# ড্যাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭২ তম বছর

Founder: J.C.Paul Former Editor: Paritosh Biswas




JAGARAN 72 Years Issue-263 24 June, 2026 আগরতলা ২৪ জুন, ২০২৬ ইং ৯ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ, বুধবার RNI Regn. No. RN 731/57 মূল্য ৩.৫০ টাকা আট পাতা



## কাঁঠালতলীতে বিজেপি কর্মী খুন

# অভিযুক্তের বাড়িতে অগ্নিসংযোগ, পরিস্থিতি থমথমে, জারি ১৬৩, গ্রেপ্তার স্বদলীয় নেতা



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুন। রাজধানীর আমতলী থানাধীন কাঁঠালতলী এলাকায় তরুণ সখে ক্লাবের সম্পাদক ও বিজেপি সমর্থক সমীর দাস খুনের ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়িয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে এলাকায় বিপুল সংখ্যক পুলিশ, টিএসআর ও কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে। পাশাপাশি শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার (বিএনএসএস) ১৬৩ ধারা জারি করেছেন।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, কাঁঠালতলী এলাকার বাসিন্দা সমীর দাসের সঙ্গে একই এলাকার স্বপন সূত্রধরের দীর্ঘদিনের বিরোধ ছিল। পরিবারের অভিযোগ, তাকে ক্লাব সম্পাদক বানানোর পর থেকেই তার সঙ্গে বিরোধ ওই অভিযুক্তের। সেই পূর্ব শত্রুতার জেরেই সোমবার গভীর রাতে ঘটনাটি ঘটে। জানা যায়, সোমবার রাতে সমীর দাস নিজের স্কুটি নিয়ে বাড়ি ফিরছিলেন।

পরে স্থানীয় বাসিন্দারা রাস্তার ধারে রক্তাক্ত অবস্থায় সমীর দাসের দেহ পড়ে থাকতে দেখে পরিবারের সদস্যদের খবর দেন। খবর পেয়ে আমতলী থানার ওপি পরিচোষ দাসের নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করে। পাশাপাশি ফরেনসিক বিশেষজ্ঞ দল ও ডগ স্কোয়াডকে ঘটনাস্থলে ডাকা হয়। ফরেনসিক দল বিভিন্ন তথ্য সংগ্রহ করে এবং ঘটনার গুণ্ঠানুগুণ তদন্ত চালায়। পুলিশ সূত্রে উদ্ভাৱন করে ময়নাতদন্তের জন্য আগরতলা সরকারি মেডিকেল কলেজ ও জিবিপি হাসপাতালের

## ড. শ্যামাপ্রসাদ মুখার্জির মৃত্যুবার্ষিকীতে শ্রদ্ধা

# আগামী প্রজন্মের কাছে তিনি অনুপ্রেরণার উৎস : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২৩ জুন (আইএনএসএস)। শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মৃত্যুবার্ষিকীতে তাকে শ্রদ্ধা জানানোর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। মঙ্গলবার সামাজিক মাধ্যম এক্স-এ (পূর্বতন টুইটার) প্রধানমন্ত্রী তাঁকে একজন বিশিষ্ট দেশপ্রেমিক, শিক্ষাবিদ ও রাষ্ট্রনায়ক হিসেবে উল্লেখ করে বলেন, দেশের উন্নয়নের জন্য তাঁর অবদান ও আত্মত্যাগ আজও প্রজন্মের পর প্রজন্মকে অনুপ্রাণিত করে।

প্রধানমন্ত্রী লিখেছেন, “বলিদান দিবসে আমি ড. শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়কে শ্রদ্ধা র সঙ্গে স্মরণ করছি। তিনি ছিলেন এক বিশিষ্ট দেশপ্রেমিক, শিক্ষাবিদ ও রাষ্ট্রনায়ক, যিনি ভারতের উন্নয়নের জন্য নিজের জীবন উৎসর্গ করেছিলেন। জনজীবনে তাঁর অটল বিশ্বাস, সাহস এবং জাতীয় স্বার্থের প্রতি অঙ্গীকার আজও অনুপ্রেরণার উৎস। তাঁর আত্মত্যাগ আমাদের সম্মিলিত স্মৃতিতে অমলিন। তাঁর আদর্শ অনুসরণ করে শক্তিশালী ও উন্নত ভারত গড়ার অঙ্গীকার আমরা পুনর্বার্ত্ত করছি।” ১৯০১ সালের ৬ জুলাই কলকাতায় জন্মগ্রহণ করেন শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়। তিনি মুখোপাধ্যায়ের মৃত্যুবার্ষিকীতে তাকে শ্রদ্ধা জানানোর প্রধানমন্ত্রী হিসেবে ১৯৩৪ থেকে ১৯৩৮ সাল পর্যন্ত দায়িত্ব পালন করেন। স্বাধীনতার পর তিনি জওহরলাল নেহরুর মন্ত্রিসভায় দেশের প্রথম শিল্প ও সরবরাহ মন্ত্রী হিসেবে কাজ করেন। পরে মতাদর্শগত মতপার্থক্যের কারণে মন্ত্রিসভা থেকে ইস্তফা দিয়ে ১৯৫১ সালে ভারতীয় জনসংঘ প্রতিষ্ঠা করেন, যা পরবর্তীকালে ভারতীয় জনতা পার্টির (বিজেপি) ভিত্তি হয়ে ওঠে। জাতীয়তাবাদ, সাংস্কৃতিক পরিচয়, আত্মনির্ভরতা এবং জাতীয় সংহতির পক্ষে তাঁর অবস্থান স্বাধীনোত্তর ভারতের রাজনৈতিক পরিদর্শনের গুরুত্বপূর্ণ প্রভাব ফেলেছিল। কাশ্মীর ইস্যু, পাকিস্তান নীতি এবং ধর্মনিরপেক্ষতার প্রশ্নে নেহরু সরকারের সঙ্গে তাঁর মতবিরোধ বিশেষভাবে উল্লেখযোগ্য। এদিকে, দিল্লিতে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মৃত্যুবার্ষিকী উপলক্ষে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন দিল্লির পূর্বাঞ্চল করছি।” ১৯০১ সালের ৬ জুলাই কলকাতায়

## তাঁর আদর্শে আমাদের আগামী দিনে এগিয়ে যাওয়া : মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুন। ভারতীয় জনতা পার্টি হচ্ছে একটা পরিবার। এই পার্টির নীতি আদর্শকে পাথের করে সামনের দিকে এগিয়ে যেতে হবে। আর ড. শ্যামা প্রসাদ মুখার্জি ছিলেন একজন অসাধারণ ব্যক্তি। তাঁর নীতি ও আদর্শকে পাথের করে মানুষের কল্যাণে কাজ করতে হবে। আজ ভারতীয় জনতা পার্টির প্রদেশ কার্যালয়ে দেশপ্রেমিক, প্রখ্যাত শিক্ষাবিদ, চিন্তাবিদ ও জনসংঘের প্রতিষ্ঠাতা ড. শ্যামা প্রসাদ মুখার্জির বলিদান দিবস উপলক্ষে আয়োজিত শ্রদ্ধাঞ্জলি কার্যক্রমে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা।

আইএনএসএস মুখ্যমন্ত্রী ডাঃ সাহা বলেন, পণ্ডিত



দীন দয়ালের একান্ত মানববান্দ তত্ত্বের উপর ভিত্তি করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার সমাজের অস্তিম স্তর পর্যন্ত মানুষের সার্বিক কল্যাণে কাজ করছে। ড. শ্যামা

## ডুবা থেকে উদ্ধার অজ্ঞাত বৃদ্ধ

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৩ জুন। উত্তর ত্রিপুরার ধর্মনগর থানার অন্তর্গত সাকাইবাড়ি ভটগাড়া ৭ নম্বর ওয়ার্ড এলাকায় একটি পরিত্যক্ত ডুবা থেকে প্রায় ৮০ বছর বয়সী এক অজ্ঞাতপরিচয় বৃদ্ধকে উদ্ধার করা হয়েছে। মঙ্গলবার স্থানীয় বাসিন্দাদের নজরে বিষয়টি আসার পর ধর্মনগর দমকল বিভাগকে খবর দেওয়া হয়। খবর পেয়ে দমকল বিভাগের কর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে

## বিলোনীয়ায় বিজেপির দলীয় অফিসের সামনে কর্মীকে মারধোর, চাঞ্চল্য

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুন। আগরতলা পুর নিগমের (এএমসি) ২৭ নম্বর ওয়ার্ডের অন্তর্গত আড়ালিয়া স্কুল চৌমুহনিতে বিজেপি দলীয় কার্যালয়ের সামনে দলের এক সক্রিয় কর্মী মারধোরের শিকার হওয়ার অভিযোগকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। অভিযোগ, সোমবার রাতে ২৭

নম্বর ওয়ার্ডের কয়েকজন বিজেপি নেতার নেতৃত্বে একদল ব্যক্তি দলেরই এক একনিষ্ঠ ও সক্রিয় কর্মীর উপর হামলা চালায়। ঘটনাটি আড়ালিয়া স্কুল চৌমুহনিস্থ বিজেপি দলীয় কার্যালয়ের সামনেই ঘটে বলে জানা গেছে। স্থানীয় সূত্রে দাবি, আক্রান্ত ব্যক্তি দীর্ঘদিন ধরে দলের সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত ছিলেন। অভিযোগ অনুযায়ী, প্রকাশ্য স্থানে তাকে মারধোর করা হয়, যার জেরে এলাকায় উত্তেজনার সৃষ্টি হয়। সবচেয়ে উদ্বেগজনক বিষয় হিসেবে অভিযোগ উঠেছে যে, ঘটনার সময় দলের কয়েকজন নেতা ঘটনাস্থলে উপস্থিত থাকলেও আক্রান্ত কর্মীকে রক্ষা করতে এগিয়ে আসেননি। বরং

## বিশালগড়ে ছিনতাইয়ের ঘটনায় কাউন্সিলারের ছেলে সহ ৪ জনের বিরুদ্ধে মামলা

নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ২৩ জুন। বিশালগড়ে ফের ছিনতাইয়ের অভিযোগকে কেন্দ্র করে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। সোমবার রাতে দোকান বন্ধ করে বাড়ি ফেরার পথে তিন যুবকের পথ আটকে তাদের কাছ থেকে টাকা ছিনতাই করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। ঘটনায় বিশালগড় পুর পরিষদের এক কাউন্সিলারের ছেলের বিরুদ্ধে বিশালগড় থানায় মামলা দায়ের করা হয়েছে। অভিযোগ অনুযায়ী, সোমবার রাতে তিন যুবক নিজস্বের ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে বাড়ি ফিরছিলেন। সেই সময় কয়েকজন যুবক তাদের পথরোধ করে টাকা ছিনিয়ে নেয় বলে দাবি করা হয়েছে। ভুক্তভোগীদের অভিযোগের ভিত্তিতে যাদের বিরুদ্ধে অভিযোগ উঠেছে তারা হলেন সাগর দেব, সমরজিৎ



মঙ্গলবার রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মুর সঙ্গে সাক্ষাৎ করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

## রাজ্য মন্ত্রিসভার সিদ্ধান্ত

# জিবি ও এজিএমসি চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিসে নিষেধাজ্ঞা, পরিবর্তে বাড়ছে বেতন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুন। রাজ্যের স্বাস্থ্য পরিষেবার মান আরও উন্নত করতে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিল রাজ্য মন্ত্রিসভা। এবার থেকে জিবি পথ হাসপাতাল ও আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ (এজিএমসি)-এর চিকিৎসকরা আর কোনও ধরনের প্রাইভেট চেম্বারে রোগী দেখতে পারবেন না। এর পরিবর্তে তাঁদের বেতনে ২০ শতাংশ বৃদ্ধি করা হবে। মুখ্যমন্ত্রীর পৌরোহিত্যে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

ক্যান্টো বৈঠকের সিদ্ধান্ত সম্পর্কে সাংবাদিক সম্মেলনে বিস্তারিত তথ্য দেন মন্ত্রী সুশান্ত চৌধুরী। তিনি জানান, এই সিদ্ধান্ত শুধুমাত্র জিবিপি হাসপাতাল ও এজিএমসি-র চিকিৎসকদের ক্ষেত্রেই প্রযোজ্য হবে। রাজ্যের অন্যান্য জেলা ও মহকুমা হাসপাতালের চিকিৎসকদের উপর এই নির্দেশ প্রযোজ্য হবে না। তবে পরবর্তী সময়ে এ বিষয়ে চিন্তা ভাবনা করবে সরকার।

মন্ত্রী বলেন, “জিবিপি হাসপাতাল রাজ্যের প্রধান রেফারেল হাসপাতাল। এই হাসপাতালের স্বাস্থ্য পরিষেবার গুণগতমান বজায় রাখা এবং রোগীদের আরও উন্নত পরিষেবা নিশ্চিত করতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিস বন্ধের পরিবর্তে তাঁদের বেতনে ২০ শতাংশ বিশেষ বৃদ্ধি করা হবে।”

## আসল তৃণমূল বৈধতার দাবিতে কমিশনে দুই গোষ্ঠী

কলকাতা, ২৩ জুন (আইএনএসএস)। তৃণমূল কংগ্রেসের (টিএমসি) মমতা বন্দ্যোপাধ্যায়-অনুগামী গোষ্ঠী নির্বাচন কমিশনের (ইসিআই) কাছে দলের ‘আসল’ জাতীয় ওয়ার্কিং কমিটির তালিকা জমা দিয়েছে। তাদের দাবি, এই কমিটিই দলের প্রকৃত জাতীয় ওয়ার্কিং কমিটি।

সূত্রের খবর, সোমবার রাতেই নির্বাচন কমিশনের কাছে এই তালিকা পাঠানো হয়। এর কিছুক্ষণ আগেই পশ্চিমবঙ্গ বিধানসভায় তৃণমূলের বিরোধী কিছু সংখ্যাগরিষ্ঠ বিধায়ক গোষ্ঠীর পক্ষ থেকে বিরোধী দলনেতা স্বতন্ত্র বন্দ্যোপাধ্যায় নতুন জাতীয় ওয়ার্কিং কমিটির ঘোষণা করেন, যেখানে মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম রাখা হয়নি।

মমতা-অনুগামী গোষ্ঠী সিংখালি ‘শিবি’ কিন্তু সংখ্যালঘু ‘শিবি’র বলে দাবি করেছে। তাদের পাঠানো তালিকায় মমতা বন্দ্যোপাধ্যায়কে জাতীয় চেয়ারপার্সন, সুব্রত বরীকে জাতীয় সহ-সভাপতি এবং অভিষেক বন্দ্যোপাধ্যায়কে সাধারণ সম্পাদক হিসেবে উল্লেখ করা হয়েছে।

এছাড়া রাজ্যসভার সাংসদ ডেবেরক ও ব্রায়েন ও সোলা সেনকে যুগ্ম সম্পাদক এবং প্রাক্তন রাজ্যসভার সাংসদ শুভাশিষ চক্রবর্তীকে কোষাধ্যক্ষ হিসেবে তালিকাভুক্ত করা হয়েছে।

## কেন্দ্রীয় কৃষিমন্ত্রীর সঙ্গে বৈঠক বিপর্যয়কর আবহাওয়া মোকাবিলায় সম্পূর্ণ প্রস্তুত কৃষিদপ্তর : মন্ত্রী রতন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুন। রাজ্যের কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর যেকোনো ধরনের খরার মতো পরিস্থিতি মোকাবিলায় সম্পূর্ণভাবে প্রস্তুত। তবে রাজ্যে এমন কোনো পরিস্থিতি তৈরি হবে না, কারণ ইতিমধ্যেই ১০০০ মিলিমিটারের বেশি বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে রাজ্যে। আজ এ কথা জানান কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতন লাল নাথ। তিনি কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহানের সঙ্গে একটি ভিডিও কনফারেন্স বৈঠকে অংশ নেওয়ার পর এই মন্তব্য করেন।

পরে মন্ত্রী রতন লাল নাথ বলেন, আজ একটি ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত হয়, যা কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এই বৈঠকে বিভিন্ন রাজ্যের কৃষিমন্ত্রী, সচিব ও উচ্চপদস্থ কর্মকর্তারা অংশগ্রহণ করেন। তিনি বলেন আমাদের কেন্দ্রীয় কৃষিমন্ত্রী অত্যন্ত সক্রিয় এবং সুপরিকল্পিতভাবে কাজ করছেন। আমাদের দেশে ধান, গম, মাছসহ বিভিন্ন খাদ্যদ্রব্যে স্বনির্ভর হলেও এল নিম্নো প্রভাবের কারণে দেশের বিভিন্ন অংশে খরার সম্ভাবনা থাকতে পারে। সেই কারণেই তিনি আগাম প্রস্তুতি নিতে এবং সব রাজ্যের কৃষিমন্ত্রীদের সতর্ক করতে এই বৈঠক ডেকেছেন।

মন্ত্রী আরও জানান, ত্রিপুরায় এমন পরিস্থিতির সম্ভাবনা কম। আইএমডি ও তাদের মূল্যায়ন অনুযায়ী উত্তর-পূর্বাঞ্চল এবং ত্রিপুরায় দক্ষিণ-পশ্চিম মৌসুমি বৃষ্টি স্বাভাবিকের চেয়ে বেশি হবে। তিনি জানান আমাদের রাজ্যে ইতিমধ্যেই ১০০০ মিলিমিটারের বেশি বৃষ্টিপাত সন্তাবনা নেই। তবে এমন পরিস্থিতি তৈরি হলে মোকাবিলায় জন্য আমরা সম্পূর্ণ প্রস্তুত।

খারিফ ফসলের উৎপাদন বাড়তে বাজ, রাসায়নিক সার ও স্প্রেয়ার সরবরাহসহ প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

ধান, তৈলবীজ ও ডালজাতীয় খরিফ ফসল যেন সমষ্টিগতভাবে চাষ হয়, সেই বিষয়েও উৎসাহ দেওয়া হচ্ছে। জীবনরক্ষাকারী সেচের জন্য সব সেচব্যবস্থা প্রস্তুত করা হচ্ছে। আমাদের সরকার যেকোনো পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত।

## কৃষি ঋণের ৯ হাজার টাকা রহস্যজনক ভাবে অ্যাকাউন্ট থেকে উধাও

নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ২৩ জুন। কৃষি ঋণের টাকা অ্যাকাউন্টে জমা হওয়ার পর রহস্যজনকভাবে ৯ হাজার টাকা উধাও হয়ে যাওয়ার অভিযোগে চাঞ্চল্য ছড়িয়েছে খোয়াই জেলায়। খোয়াইয়ের বেহালাবাড়ি এলাকার বাসিন্দা রোহন দেববর্মা এই অভিযোগে তুলে বিষয়টির পূর্ণাঙ্গ তদন্তের দাবি জানিয়েছেন।

অভিযোগ অনুযায়ী, ২০২৪ সালে তিনি স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (এসবিআই)-এর খোয়াই শাখা থেকে ৬৫ হাজার টাকার কৃষি ঋণ পান। তাঁর দাবি, ঋণের অর্থ অ্যাকাউন্টে জমা হওয়ার পরপরই সেখান থেকে ৯ হাজার টাকা তুলে নেওয়া হয়। ভুক্তভোগীর অভিযোগ, ঋণের টাকা জমা হওয়ার পর খোয়াইয়ের দিল্লিভূতা ফেল্ডের বাজার এলাকার এক ব্যক্তি তাঁর বাড়িতে এসে ব্যাংক অ্যাকাউন্ট সংক্রান্ত বিভিন্ন তথ্য সংগ্রহ করেন। এরপরই অ্যাকাউন্ট থেকে ওই টাকা তুলে নেওয়া হয়েছে বলে তাঁর সন্দেহ।

রোহন দেববর্মা প্রশ্ন তুলেছেন, শুধুমাত্র একটি ব্যাংক অ্যাকাউন্ট নম্বর জানলেই কি কারও অ্যাকাউন্ট থেকে টাকা তোলা সম্ভব? তাঁর দাবি, এর পেছনে একটা বড় চক্র সক্রিয় থাকতে পারে।

## নেশার কবলে হাবুডুবু খাইতেছে যুবসমাজ

মঙ্গলবার দেখা গিয়াছে রাজধানীর আগরতলা শহরে কোমলমতি ছাত্র-ছাত্রীরা হাতে পোস্টার লইয়া নেশার বিরুদ্ধে সচেতনতা করিয়া তুলিতে স্লোগান তুলিয়া রাজপথ পরিভ্রমণ করিতেছে। এই কর্মসূচির মূল লক্ষ্যই হলো যুবসমাজ এবং নেশাপ্রস্থ লোকজনদেরকে নেশার কবল হইতে মুক্ত করিবার প্রয়াস। কোমলমতি ছাত্র-ছাত্রীদের এই প্রয়াস নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে। নেশা মুক্ত ত্রিপুরা গড়িবার স্লোগান যেন স্লোগান সর্বত্রই পড়িয়াছে। বাস্তবে নেশার সাগরে ডুবিয়া গিয়াছে গোটা যুবসমাজ। একাংশের গৃহবধুরাও খাবডুবু খাইতেছে নেশার কবলে। স্কুল কলেজ পরওয়ানা নেশায় আচ্ছন্ন হইতেছে। গন্ধহীন ও সেরা পথে নেশা গ্রহণ পরিস্থিতিকে জটিল করিয়া তুলিয়াছে। একাধিক সচেতনতা শিবির এবং সরকারি ব্যবস্থাপনায় একের পর এক এইডস প্রতিরোধ কর্মসূচির উপর ক্যাম্প করা হইলেও মরণব্যাপি এইডস দ্রুত ছড়াইতেছে দ্রুতগতিতে। কাঞ্চনপুর,আনন্দবাজা,খুমসারাইপাড়া এলাকার অবস্থা দিন দিন মারাত্মক হইতেছে। এইডসে আক্রান্তে উত্তর জেলার মধ্যে শীর্ষে দামছড়া। শিরাপথে মাদক নেওয়ার ফলে দ্রুতগতিতে ছড়াইতেছে এইডস সংক্রমণের রোগী। জনজাতি বাঙ্গালী বহু যুবতি গৃহবধু শিরাপথে মাদক গ্রহণ করায় তাহারা এইডসে আক্রান্ত হইতেছে। তাহাদের একটা ছোট অংশ যৌন কার্যকলাপে লিপ্ত থাকায় অনেক যুবকের শরীরে এইডস পাওয়া যাইতেছে। যারা উদ্বেগের বিষয় হইয়া দাঁড়াইয়াছে। বিশেষ করিয়া পাহাড়ি জনপদে ব্যাপক বৃদ্ধি পাইয়াছে মরণব্যাপি এইডসের সংক্রমণ। গ্রাম পাহাড় সমতল সর্বত্র যুবতী কিশোরী এবং গৃহবধু মহিলাদের শিরাপথে মাদক গ্রহণ করিবার প্রবণতা দিন দিন বাড়িয়া যাইতেছে। উত্তরের দামছড়া, কাঞ্চনপুর এবং জম্পুই হাসপাতালে স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে এইডসপ্রতিরোধে ওএসটি সেন্টার খোলা হইয়াছে। কিন্তু ওএসটি গুলি মাদক সেবনকারী বা শিরাপথে মাদক নেওয়া নেশা গ্রহণ যুবক যুবতী গৃহবধুদের যাওয়ার কোন আশঙ্ক দেখা যাইতেছে না। বর্তমানে শিরাপথে মাদক গ্রহণকারী যুবক যুবতীদের সংখ্যা প্রত্যন্ত পাহাড়ি অঞ্চলগুলিতে হু হু করিয়া বাড়িতেছে। এইডসের ভয়ংকর পরিস্থিতির কথা এইডস দপ্তরের কর্মকর্তারা স্বীকার করিলেও এর প্রতিরোধে তেমন জুইসই ব্যবস্থা নেওয়ার উদ্যোগ চোখে পড়িতেছে না। রাজ্য জুড়িয়া এইডস প্রতিরোধে রোডশ্যাপ এখনো তৈরি হয় নাই।

উত্তর ত্রিপুরা জেলার দামছড়ায় এইডস আক্রান্তের সংখ্যা বাড়িবার কারণ শিরাপথে যুবক যুবতীরা প্রতিদিনই মাদক গ্রহণ করায় একদিকে শিরাপথে মাদক গ্রহণ এবং গন্ধহীন গুড়ো নেশা সামগ্রী কিভাবে গোটা রাজ্যে শিক্ষিত প্রজন্মকে ধংস করিবে তাহা উত্তর দপ্তরের প্রত্যন্ত এলাকার মাদক ব্যবহারকারী যুবক যুবতীদের ব্যায়েড়াটা দেখিলেই প্রমাণিত। এলাকার মাদক ব্যবহারকারীরা অনেকেই এম এ, এগ্রি বি এস সি এবং কলেজের পাঠ অর্ধসমাপ্ত করিয়া চলিয়া আসিয়াছে। তাহাদের মধ্যে কয়েকজনের স্বীকারোক্তিতে জানা যায় বন্ধুদের সাথে প্রথমবার একদিন শখ করিয়া ড্রাগস নিয়াছিল। পূজো পার্বন সহ বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে মদের প্রচলন থাকায় তাহাদের একটু একটু মদ খাওয়ার অভ্যাস ছিল। কিন্তু ড্রাগস থেকে তাহারা দূরে ছিলো। কিন্তু বন্ধু বান্ধবদের পাল্লায় পড়িয়া প্রথমবার ড্রাগস নেওয়ার পর তাহাদের নাকি মনে হইয়াছিল এই নেশায় তৃপ্তি আছে। ধীরে ধীরে সব কিছু ছাড়িয়া ড্রাগসের নেশায় আসক্ত হইয়া পড়ে তাহারা। ক্রমশ নেশার চাহিদায় বর্তমানে শিরাপথে সিরিঞ্জের মাধ্যমে ড্রাগস নিতেছে তাহারা। এই নেশার কবলে পড়িয়া বহু মেধাবী ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ নষ্ট হইয়া যাইতেছে। অনেক পরিবার ধ্বংস হইয়া যাইতেছে একদিকে ড্রাগসের নেশা অন্যদিকে তাহাদের খরচ মিটিহিতে মাদক সেবনকারীদের গোটা পরিবার সর্বশূন্য হইয়া পড়িতেছে। তাহাদের অভিশপ্ত জীবন থেকে স্বাভাবিক জীবনে টানিয়া আনিবার কোন রোডম্যাপ তৈরি করিতে পারিতেছে না রাজ্য রাজ্য সরকার বা রাজ্য এইডস কমন্সাল বোর্ড। অথচ এর জন্য বৎসরে কোটি কোটি টাকার অর্থ বরাদ্দ হইতেছে।

দেখা যাইতেছে বহু ড্রাগস আক্রান্ত পড়িয়া বাড়ির আর্থিক অবস্থা সঞ্চল না থাকিলেও কষ্ট করিয়া পড়াশোনা চালাইয়া যাইতেছিল। ভালো পড়াশোনা করিয়া সরকারি চাকরী করিবার স্বপ্ন ছিল তাহাদের। কিন্তু বন্ধুদের পাল্লায় পড়িয়া ড্রাগসের স্বাদ নিতে গিয়া তাহাদের জীবনী অভিশপ্ত হইয়া গিয়াছে। শুধু এই দুই চারজন মেধাবী যুবক নয়, শত শত শিক্ষিত যুবক যুবতী গন্ধহীন এবং শিরাপথে নেশার টানে ধ্বংস হইয়া যাইতেছে। এক কথায় বর্তমান প্রজন্ম ড্রাগসের কবলে পড়িয়া বিনাশ হইয়া যাইতেছে। আর অভিভাবকেরা দিশাহারা। শিরাপথে ইনজেকশনের মাধ্যমে ড্রাগস নিতে গিয়া এইডসে আক্রান্তের সংখ্যা দিন দিন বাড়িতেছে। স্কুল কলেজের বাধ্যকর্মে, মাঠে পাওয়া যাইতেছে ড্রাগস ব্যবহার করা সিরিঞ্জ। মারাত্মক অবস্থা চলিতেছে। গন্ধহীন মাদকের বিপুল সরকারি ভাবে প্রচার চালানোর পরও দিন দিন মাদকের বাড়বাড়তে অভিব্যক্তদের মধ্যে চিন্তার ভাজ,দিশাহারা অভিভাবকেরা। মাদক মুক্ত সমাজ, নেশা মুক্ত ত্রিপুরা স্লোগান যেন বিরূপ করিয়া হাসিতেছে।রাজ্য এইডস কমন্সাল সোসাইটি যেভাবে চাকচৌল পিঠিইয়া তাহাদের প্রচার করিতেছে যদি তাহার অর্ধেকও কাজ করিত তাহা হইলে এইডস কিছুটা প্রতিরোধ করা যাইত বলিয়া তথ্যভিত্তক মহলের অভিমত। সমাজ থেকে নেশার এই ভয়ংকর প্রবণতা বন্ধ করিবে না পারিলে ভবিষ্যৎ প্রজন্ম ধ্বংসের পথে ধাবিত হইবে তাহা বলিবার অপেক্ষা রাখে না। দেশ রাজ্য ও সমাজকে বাঁচাইতে হইলে সকলকে এই ব্যাপারে সচেতন হইতে হইবে। অন্যথায় গোটা সমাজ ব্যবস্থা ধ্বংস হইয়া যাইবে।

### ৫ কোটি টাকার রাস্তার কাজে অনিয়মের অভিযোগ, বেহাল আড়ালিয়া-ময়নামা সড়ক;

### আন্দোলনের হুঁশিয়ারি এলাকাবাসীর

নিজস্ব প্রতিনিধি, বঙ্গনগর, ২৩ জুন: বঙ্গনগর বিধানসভার অন্তর্গত আড়ালিয়া থেকে ময়নামা সংযোগকারী সড়কের সংস্কার কাজে ব্যাপক অনিয়মের অভিযোগ তুলে ক্ষোভে ফুঁসেছেন স্থানীয় বাসিন্দারা। অভিযোগ, প্রায় ৫ কোটি টাকা ব্যয়ে নির্মাণাধীন সড়কের কাজ অর্ধেক সম্পন্ন করার পর দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে রয়েছে, যার ফলে চরম দুর্ভোগে পড়েছেন এলাকার সাধারণ মানুষ।

স্থানীয় সূত্রে জানা গেছে, আড়ালিয়া হাসপাতাল সংলগ্ন এলাকা থেকে আড়ালিয়া হয়ে ময়নামা পর্যন্ত প্রায় ৪ কিলোমিটার দীর্ঘ এই সড়কের সংস্কার কাজ শুরু হলেও তা পূর্ণাঙ্গভাবে সম্পন্ন করা হয়নি। গ্রামবাসীদের অভিযোগ, আংশিক কাজ করার পর ঠিকাদার সংস্থা এবং সংশ্লিষ্ট দপ্তর আর কোনও উদ্যোগ গ্রহণ করেনি। বর্তমানে সামান্য বৃষ্টিতেই সড়কের বিভিন্ন অংশে জল জমে যাচ্ছে। অনেক জায়গায় রাস্তা কার্যত জলাবদ্ধ হয়ে পড়েছে, ফলে পথচারী ও যানবাহন চলাচল ব্যাহত হচ্ছে। বিশেষ করে স্কুল-কলেজগামী ছাত্রছাত্রী, রোগী এবং সাধারণ যাত্রীদের প্রতিদিনই ভোগান্তির শিকার হতে হচ্ছে বলে অভিযোগ।


স্থানীয় বাসিন্দাদের দাবি, কোটি কোটি টাকা ব্যয়ের প্রকল্প হওয়া সত্ত্বেও রাস্তার এমন বেহাল অবস্থা মেনে নেওয়া যায় না। তাদের অভিযোগ, প্রকল্পের কাজে গাফিলতি ও অনিয়মের কারণেই আজ এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে। ক্ষুব্ধ এলাকাবাসীরা হুঁশিয়ারি দিয়ে জানিয়েছেন, দ্রুত সড়কের সংস্কার কাজ পুনরায় শুরু করে সম্পূর্ণ না করা হলে তারা বৃহত্তর গণআন্দোলনের পথে হাঁটবেন। প্রয়োজনে সড়ক অবরোধসহ বিভিন্ন গণতান্ত্রিক কর্মসূচি গ্রহণ করা হবে বলেও জানিয়েছেন তারা।

# সরকারি কর্মীদের ঘরে ঘরে ‘স্মার্ট মিটার’ সুশাসনের মডেল নাকি বৈষম্যের নয়? নিদান?

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ ক্ষেত্রে এক ঐতিহাসিক এবং নজিরবিহীন সিদ্ধান্তের মুখোমুখি। রাজ্য সরকারের সাংপ্রতিক এক নির্দেশিকায় জানানো হয়েছে; রাজ্যের সমস্ত সরকারি কর্মচারীদের বাড়িতে বাধ্যতামূলকভাবে ‘স্মার্ট প্রিপেইড মিটার’ বসাতে হবে। বিদ্যুৎ অপব্যয় রোধ; বকেয়া বিলের বোঝা কমানো এবং সর্বোপরি বিদ্যুৎ পরিষেবার স্বচ্ছতা আনার লক্ষ্যে নবমের এই পদক্ষেপকে অনেকেই এক অভিনব ‘সুশাসনের মডেল’ হিসেবে দেখছেন। তবে এই নির্দেশিকা ঘিরে অমরমহলে ক্ষোভ; বিতর্ক এবং প্রশাসনিক জটিলতার পারদও চড়ছে সমান্তরালভাবে। রাজ্য প্রশাসনের এই নিদান কি কেবলই বিদ্যুৎ সংস্কারের সোপান; নাকি এর পিছনে লুকিয়ে রয়েছে অন্য কোনো অর্থনৈতিক বাধ্যবাধকতা; তা তলিয়ে দেখা প্রয়োজন। রাজ্য বিদ্যুৎ বন্টন সংস্থা এবং সিইএসসি এলাকায় ধাপে ধাপে ‘স্মার্ট মিটার’ বসানোর কাজ চললেও; সরকারি কর্মচারীদের লক্ষ্য করে এই বিশেষ নিদান জারির পেছনে সরকারের নিজস্ব কিছু কৌশলগত উদ্দেশ্য রয়েছে। তাদের প্রশ্ন; যেখানে সাধারণ নাগরিকদের জন্য এখনও এই ব্যবস্থা এট্রিক্ক বা ধাপে ধাপে কার্যকর হচ্ছে; সেখানে সরকারি কর্মচারীদের ওপর কেন এটি জোর করে চাপিয়ে দেওয়া হচ্ছে? অনেকের মতেই; মহার্ঘ্য ভাতা নিয়ে রাজ্য সরকারের সঙ্গে কর্মচারীদের আইনি ও মানসিক বিরকারি কর্মীদের একাংশের সর্বকালের ‘স্মার্ট মিটার’ বা নিজস্ব বাসভবনে মাসের পর মাস বিদ্যুৎ

সুনীল মাইতি (সাংবাদিক ও প্রাবন্ধিক)

চাপ এবং বৈষম্য হিসেবে। কোয়ার্টারে থাকা গ্রুপ- ডি কর্মী থেকে শুরু করে মহাকরণের উচ্চ পদস্থ আমলা— সকলের ক্ষেত্রেই এই নিয়ম প্রযোজ্য করায় ক্ষোভের পরিধি আরও বিস্তৃত হয়েছে। কর্মচারীদের বক্তব্য; বিদ্যুৎ সঞ্চয় বা বিল মটোনার ক্ষেত্রে তারা সাধারণ নাগরিকদের মতই সং; তাহলে শুধু সরকারি তকমার কারণে তাদের কেন বিদ্যুৎ দপ্তরের নতুন পরীক্ষা-নিরীক্ষার ‘গিনিপিগ’ হতে হবে? প্রযুক্তিগতভাবে ‘স্মার্ট মিটার’ অত্যন্ত আধুনিক। এটি রিয়েল-টাইম বা তৎক্ষণিক ডেটা পাঠাতে পারে; যার ফলে বিদ্যুৎ চুরির প্রবণতা কমে এবং লোড ম্যানেজমেন্ট সহজ হয়। কিন্তু পশ্চিমবঙ্গ বা ভারতের সামগ্রিক অর্থ-সামাজিক প্রেক্ষাপটে এর কিছু নেতিবাচক দিকও রয়েছে যা সংবাদপত্রের পাতায় উঠে আসা জরুরী। প্রথমত; প্রিপেইড ব্যবস্থার কারণে রিচার্জ শেষ হওয়া মাত্রই স্বয়ংক্রিয়ভাবে বিদ্যুৎ সরকারি কোয়ার্টার গুলোতে অনেক সময় জরুরী পরিষেবার সঙ্গে যুক্ত কর্মীরা থাকেন। গভীর রাতে বা কোনো জরুরী মুহূর্তে অনলাইন রিচার্জ বার্থ হলে যে



ভোগান্তি হবে; তার দায় কে নেবে? দ্বিতীয়তঃ ‘স্মার্ট মিটারের ভাড়া এবং তার টেকনিক্যাল চার্জ সাধারণ মিটারের চেয়ে বেশি। কর্মচারীদের বেতন থেকে বা বিলের মাধ্যমে যদি অতিরিক্ত খরচ উসুল করা হয়, তবে তা তাদের আর্থিক সাধার ওপর বাড়তি চাপ সৃষ্টি করবে। সরকারি কর্মচারীদের বাড়িতে ‘স্মার্ট মিটার’ বসানোর এই সিদ্ধান্তকে অনেকেই দেখছেন ‘পরীক্ষামূলক উৎক্ষেপণ’ হিসেবে। নবান্ন খুব ভালো করেই জানেন; সাধারণ মানুষের ঘরে একযোগে ‘স্মার্ট মিটার’ বসাতে গেলে বড় ধরনের গণপ্রতিরোধের মুখে পড়তে হতে পারে। এর আগে রাজ্যের বিভিন্ন প্রান্তে ‘স্মার্ট মিটার’ বসানোকে কেন্দ্র করে বিক্ষোভের নজির রয়েছে। তাই কর্মচারীদের ঢাল হিসেবে ব্যবহার করে সরকার আসলে জনমানসে ক্ষোভের আঁচ পরীক্ষা করতে চাইছে। স্বভাবতই এই বিষয়টিকে কেন্দ্র করে রাজনৈতিক তরঙ্গও শুরু হয়েছে। বিরোধীপক্ষ বিষয়টিকে সরকারের ‘আর্থিক দৌলতিয়াপনা’ এবং বিদ্যুৎ বন্টন সংস্থার ‘ঘাটতি পূরণের মরিয়া চেষ্টা’ বলে কটাক্ষ করছে তাদের মতে; বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের অন্য আইনি পথ

# যুক্তরাজ্যে এত ঘন ঘন প্রধানমন্ত্রী বদল হচ্ছে কেন?

বিগত দশ বছরের মধ্যে স্যার কিয়ের স্টারমার হলেন ষষ্ঠ প্রধানমন্ত্রী, যিনি পদত্যাগ করেছেন অথবা ভোটারদের দ্বারা অপসারিত হয়েছেন। কেউ যদি এ বিষয়ে সন্দেহে থাকেন, তাহলে বলে রাখা ভালো— ব্রিটিশ রাজনীতিতে এটি স্বাভাবিক নয়। যদি এখানো বিশ্লেষণ না হয়, তাহলে এটি বিবেচনা করুন— ১৮শ শতকে ব্রিটেনে প্রধানমন্ত্রী পদটি চালু হওয়ার পর থেকে গড়ে প্রত্যেকেই প্রায় পাঁচ বছর করে দায়িত্বে ছিলেন। কিন্তু গত এক দশকে তা কমে দাঁড়িয়েছে মাত্র প্রায় ১৮ মাসে। তাহলে এই স্বাভাবিক দ্রুত পরিবর্তনের কারণ কী? অবশ্যই, এই ছয়টি ক্ষেত্রে প্রত্যেকটির নিজস্ব কারণ রয়েছে। ২০১৬ সালে ইউরোপীয় ইউনিয়নে যুক্তরাজ্যের সদস্যপদ নিয়ে গণভোট থেকে পরাজিত হওয়ার পর পদত্যাগ করেছিলেন ডেভিড ক্যামেরন। টেরেসা মে-ও ব্রেস্মিটের শিকার হন; যুক্তরাজ্যের সঙ্গে ইউরোপীয় ঠাকুক, সুযোগ অনুসরণ করে যুক্তরাজ্যের মতো দেশীয় যুক্তরাজ্যের মতো দেশীয় ঠাকুক, সুযোগ অনুসরণ করে যুক্তরাজ্যের মতো দেশীয়

রব ওয়াটসন

উঁচু অর্জনপ্রিয়তা দলের জন্য বড় ধরনের হুমকি। তবে এই ব্যক্তিগত পতনের ঘটনাগুলোর পাশাপাশি, যুক্তরাজ্যে আরও বড় কিছু পরিবর্তন ঘটেছে, যা রাজনীতিকে আরও কঠোর এবং সংঘাতপূর্ণ করে তুলছে, আর ভোটারদের আরও অনমনীয় ও বিভক্ত করে দিচ্ছে। তাহলে আরও কী ঘটেছে? গভীর অসন্তোষ জনমত জরিপ, ফোকাস গ্রুপ এবং বিভিন্ন অভিজ্ঞতার ভিত্তিতে বোঝা যায়, ভোটারদের মধ্যে একটি অসুস্থিত আছে যে, রাজনীতিকরা অসন্তোষের তিনটি মৌলিক কারণ মোকাবিলা করতে পারছেন না। প্রথমটি হলো স্ববির জীবনমান। এই কষ্টদায়ক প্রবণতার শুরু ২০০৮ সালের বৈশ্বিক আর্থিক সংকট থেকে। ফলে, কেন ২০১৬ সাল থেকে যুক্তরাজ্যে ছয়জন প্রধানমন্ত্রী হয়েছে তা বোঝার জন্য সময়েরা সেখান থেকেই শুরু করা যায়। এই বিষয়টি প্রেক্ষাপটে রাখতে গেলে বলা যায়, ১৯শ শতকের গোড়ায়

নেপোলিয়নিক যুদ্ধের পর থেকে এমনভাবে আর জীবনমান স্থবির হয়ে পড়ে নি। যখন মানুষ আর্থিকভাবে চাপে থাকে এবং মনে করে যে, পরবর্তী প্রজন্ম আগের চেয়ে ভালো অবস্থানে থাকবে— এই অর্থাৎ বিস্তৃত গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতি সরকার পূরণ করতে পারছে না, তখন নেতিবাচক মনোভাব তৈরি হওয়া সম্ভব। রাজনীতিবিদদের জন্য আরও উদ্বিগ্নকর বিষয় হলো, জরিপে দেখা যাচ্ছে ১৯৯৮ সালে যখন উচ্চ মূল্যস্ফীতি ও শিল্পসংক্রান্ত অস্থিরতা, এর পর এখন অর্থনৈতিক হতাশা সর্বোচ্চ পর্যায়ে। দ্বিতীয় কারণ হলো এই অনুভূতি যে, যুক্তরাজ্যে কিছুই ঠিকঠাক কাজ করছে না - পরিবহন, বিচারব্যবস্থা বা অন্য যেকোনো জনসেবা প্রত্যাশিত মতো কাজ করছে না। এটি আংশিকভাবে একই নিম্ন অর্থনৈতিক প্রবৃত্তির ফল, যা জীবনমানের স্থবিরতা সৃষ্টি করছে। অবকাঠামো, শিক্ষা,

# মানুষের মতো মাছও সুযোগ পেলে ঘুমায়, নতুন গবেষণা

মাছের ঘুমের ধরণ শনাক্ত করতে গবেষকেরা যেছে নিয়েছিলেন জেরাফিশকে। এই মাছের চোখের নড়াচড়া অনুসরণ করে মাছের ঘুমের চারটি ভিন্ন ধরন শনাক্ত করেছেন তাঁরা। এই ধরণগুলো মানুষ ও অন্যান্য প্রাণীর জটিল ঘুমের ধাপগুলোর সঙ্গে বিস্ময়করভাবে মিলে গেছে। মাছ সাগরের তলদেশে বেঁচে থাকে। কখনো প্রবালের ভেতরে আশ্রয় নেয়। জলের নিচের গুহার অন্ধকারেও কিছু মাছ লুকিয়ে থাকে। যেখানেই থাকুক, সুযোগ অনুসরণ করে আমাদের মতো বিশ্রাম নেয়। ঘুমিয়ে বা নিমিয়ে নেয়। ক্লাস্তি দূর করার চেষ্টা করে।

আহমাদ মুদ্দাসসের

মেংবো লি জানিয়েছেন, এদের ঘুমের গঠনও জটিলতা রয়েছে। মানুষের মতো বেশির ভাগ মাছও দিবাচর। মানে প্রধানত রাতে ঘুমায়, দিনে জেগে থাকে। মাছের চোখের পাতা নেই। তাই মাছ আমাদের মতো চোখ বন্ধ করে অন্ধকার তৈরি করতে পারে না। মাছের ঘুমের চারটি উপধাপের মধ্যে তিনটি ঘটে রাতে। তিনটি ধাপ পার হতে সব মিলিয়ে সময় লাগে প্রায় ১০ ঘণ্টা। প্রথম ধাপে সবচেয়ে গভীর ঘুম হয়। এ সময় মাছের চোখ একদৃষ্টে স্থির থাকে। দ্বিতীয় ধাপ সময় হয়ে এলে জিভটিকে এই অবস্থায় রাখা হয়। এটি অপেক্ষাকৃত হালকা ঘুমের ধাপ। এ সময় জেরাফিশের চোখ এক দিকে হালকা ঝেঁপে ওঠে। এরপর ধীরে ধীরে চোখ আবার মাথাখানায় ফিরে আসে। তৃতীয়

ম্যাক্স প্ল্যাঙ্কের স্নায়ুবিজ্ঞানী ডু রবসন এই বস্তুটি তৈরি করেছেন। এটি ১০৫টি মাছকে অনুসরণ করতে সক্ষম। যখন মাছগুলো সাঁতার কাটে, খাবার খিকার করে বা ঘুমায়, তখন এই বস্তু নিজে নিজে এই মাছদের অনুসরণ করে দিনের বেলায় অল্প সময়ের জন্য জেরাফিশের চোখ এদিক-সেদিক নড়াচড়া করে। এদিক-সেদিক এই অবস্থায় দেখলে মনে হবে, আশপাশের সম্ভাব্য বিপদ খুঁজে দেখছে। তবে চোখ হতে পারে। পাঁচ থেকে দশ মিনিটের এই নিম্ননি এত গভীর, এ সময় মাছের মস্তিষ্কের অনেক কার্যকলাপ বন্ধ হয়ে যায়। এ সময় মাছকে জাগানোও কঠিন। গবেষণার আরও অনেক মনে হবে, আশপাশের সম্ভাব্য বিপদ খুঁজে দেখছে। জেরাফিশের শরীর জীবনের প্রথম তিন সপ্তাহ স্বচ্ছ থাকে। ফলে বিজ্ঞানীরা ক্যালসিয়াম ইমেজিং প্রযুক্তি ব্যবহার করে সরাসরি এদের মস্তিষ্কের ভেতর থেকে দেখতে পারেন। ম্যাক্স প্ল্যাঙ্ক ইনস্টিটিউট ফর বায়োলজিক্যাল সাইবরনেটিক্স জেরাফিশের মস্তিষ্ক মানুষের মস্তিষ্কের তুলনায় ছোট। এ সেরল হলেও ঘুমের সবচেয়ে মৌলিক প্রক্রিয়াগুলো বোঝার জন্য মাছটি বেশ কার্যকর। মানুষ ও অন্যান্য স্তন্যপায়ী প্রাণীর ঘুম নিয়ন্ত্রণকারী অনেক জিন, স্নায়ুকোষ এবং গুণ্ডু মাছের ক্ষেত্রেও একই ধরনের প্রভাব ফেলে। প্রায় সব প্রাণীই জীবনের বড় একটি অংশ ঘুমিয়ে কাটায়ে কিন্তু কেন প্রাণীরা ঘুমায় এবং কেন প্রক্রিয়ায় ঘুম নিয়ন্ত্রিত হয়, সে সম্পর্কে এখনো গবেষকদের অনেক কিছু অজানা। এই গবেষণা হয়ত প্রাণীর ঘুম নিয়ে আরও জানতে সহায়তা করবে।

# রাজাগোপাল থেকে কুরিয়ান: কেবলে বিজেপির ফর্মুলার সামনে নতুন পরীক্ষা

নয়াদিল্লি/কোচি, ২৩ জুন (আইএএনএস) : কেন্দ্রীয় মন্ত্রী জর্জ কুরিয়ান-এর রাজ্যসভার মেয়াদ নবীকরণ না করার সিদ্ধান্ত নেওয়ার পর কেবলে থেকে কেন্দ্রীয় মন্ত্রিসভায় নতুন কোনও প্রতিনিধি আসবেন কি না, তা নিয়ে রাজনৈতিক মহলে জল্পনা শুরু হয়েছে। রাজ্যসভার সদস্যপদের মেয়াদ শেষ হওয়ায় মঙ্গলবার জর্জ কুরিয়ান তাঁর পদত্যাগপত্র জমা দেন এবং রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তা গ্রহণ করেন।

দলীয় সূত্রের খবর, কুরিয়ান আবার সাংগঠনিক দায়িত্বে ফিরতে পারেন। তিনি কেবলে সক্রিয়ভাবে কাজ করার আশ্রয়ও প্রকাশ করেছেন। তবে তাঁকে জাতীয় স্তরে নাকি রাজ্য সংগঠনে কোনও দায়িত্ব দেওয়া হবে, সে বিষয়ে এখনও বিজেপি স্পষ্ট কিছু জানায়নি।

১৯৮০ সালে বিজেপি গঠনের সময় থেকেই দলের সঙ্গে যুক্ত কুরিয়ানকে ২০২৪ সালের জুন মাসে নরেন্দ্র মোদি-র তৃতীয় মন্ত্রিসভায় মন্ত্রণা, পশুপালন ও দুগ্ধ উন্নয়ন এবং সংখ্যালঘু বিষয়ক প্রতিমন্ত্রী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছিল। তাঁর মন্ত্রিসভায় অস্থায়ীকি অনেকেই বিশ্বাস করত, কারণ তখন তিনি সংসদের কোনও ক্ষেত্রেই সদস্য ছিলেন না। পরে ২০২৪ সালের আগস্টে মধ্যপ্রদেশ থেকে তাঁকে রাজ্যসভায় মনোনীত করা হয়। কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাঙ্গিনী সিঙ্ঘিয়া লোকসভা নির্বাচনে জয়ী হয়ে রাজ্যসভা থেকে পদত্যাগ করায় আসনটি শূন্য হয়েছিল।

বিজেপি তাঁর রাজ্যসভার মেয়াদ না বাড়ানোয় কুরিয়ান কেবলের চতুর্থ বিজেপি নেতা হিসেবে কেন্দ্রীয় মন্ত্রিসভা থেকে বিদায়

নিলেন, যিনি দ্বিতীয়বার সুযোগ পাননি। এর আগে বিজেপি একই কৌশল অনুসরণ করে কেবলের নেতাদের রাজ্যসভার মাধ্যমে সংসদে এনে কেন্দ্রীয় মন্ত্রিসভায় জায়গা দিয়েছিল। প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ও রাজাগোপাল, কে. জে. আলফন এবং বি. মুরলীধরন-ও রাজ্যসভার সদস্য হওয়ার পর মন্ত্রীত্ব পেয়েছিলেন।

সুপ্রিম কোর্টে আইনজীবী হিসেবে কর্মজীবন শুরু করা কুরিয়ান বিজেপির রাজ্য সহ-সভাপতি, জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্য, কোর কমিটির সদস্য হওয়ার পর মন্ত্রীত্ব পেয়েছিলেন।

সুপ্রিম কোর্টে আইনজীবী হিসেবে কর্মজীবন শুরু করা কুরিয়ান বিজেপির রাজ্য সহ-সভাপতি, জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্য, কোর কমিটির সদস্য হওয়ার পর মন্ত্রীত্ব পেয়েছিলেন।

তবে কেবলে তাঁর নির্বাচনী সাফল্য অধরাই থেকে যায়। সাম্প্রতিক বিধানসভা নির্বাচনে কাঞ্জিরাপল্লি আসনসহ একাধিকবার প্রতিদ্বন্দ্বিতা করলেও তিনি জয় পাননি।

বর্তমানে কেন্দ্রীয় মন্ত্রিসভায় কেবল থেকে বিজেপির একমাত্র প্রতিনিধি লে - লন অভিনেতা-থেকে-রাজনীতিক সুরেশ গোপী, যিনি ত্রিশুর লোকসভা কেন্দ্রে থেকে ঐতিহাসিক জয় অর্জন করেছিলেন।

এখন রাজনৈতিক মহলের নজর বিজেপির কেবল থেকে মনোনীত রাজ্যসভার সদস্য সি. সদানন্দন মাস্টার-এর দিকে।

ওক্রে মন্ত্রিসভায় অন্তর্ভুক্ত করা হবে, নাকি মোদি মন্ত্রিসভায় কেবল থেকে প্রতিনিধিত্ব এক সদস্যই সীমাবদ্ধ থাকবে, সেটাও এখন বড় প্রশ্ন।

# এইমস, নিউ দিল্লি এবং ত্রিপুরা সরকারের মধ্যে স্বাক্ষরিত মৌ অনুযায়ী অ্যাকশন টেকেন রিপোর্ট পর্যালোচনা

আগরতলা, ২৩ জুন: এইমস, নিউ দিল্লি এবং ত্রিপুরা সরকারের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক এর প্রেক্ষিতে যে অগ্রগতি হয়েছে এ বিষয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা এবং স্বাস্থ্য সচিব কিরণ গিওরের নেতৃত্বে স্বাস্থ্য দপ্তরের ডুমিকার কথা এইমস এর বিশেষজ্ঞ দল উল্লেখ করলেন। মৌ অনুযায়ী রাজ্য সরকারের তরফে নির্ধারিত পদক্ষেপ সমূহগুলির মধ্যে বেশিরভাগই রাজ্য সরকার দ্রুতগতিতে বাস্তবায়ন করেছে। এইমস, নিউদিল্লির সহযোগিতায় ত্রিপুরা সরকার স্বাস্থ্য ক্ষেত্রে উন্নতির জন্য যে প্রয়াস নিয়েছে, তার বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে পর্যালোচনার লক্ষ্যে আজ (২৩ জুন, ২০২৬) মহাকরণে ভিডিও কনফারেন্সের মাধ্যমে আলোচনা হয়েছে আজকের এই পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব কিরণ গিও, স্বাস্থ্য অধিকারের অধিকর্তা ডাঃ দেবশ্রী দেববর্মা, স্বাস্থ্য শিক্ষা অধিকারের ভারপ্রাপ্ত অধিকর্তা প্রফেসর (ডাঃ) অভিজিৎ দত্ত, আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের প্রিন্সিপাল প্রফেসর (ডাঃ) তপন মজুমদার, আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ডাঃ বিধান গোস্বামী, এইমস, নিউ দিল্লির প্রাক্তন অধিকর্তা, বর্তমানে নীতি আয়োগের সদস্য প্রফেসর (ডাঃ) এম শ্রীনিবাস এবং প্রফেসর (ডাঃ) আগরওয়াল। বিশেষজ্ঞ দল রাজ্য সরকারের বিভিন্ন জনমুখী প্রকল্পের তুড়ীয়া প্রশংসা করেন। টেলিমেডিসিনের কনফারেন্সের মাধ্যমে চিকিৎসা ব্যবস্থা, বহিরাঙ্গী রোগীদের রেফার এর সংখ্যা কমিয়ে আনা সহ রাজ্য সরকারের বিভিন্ন বলিষ্ঠ পদক্ষেপের উচ্ছ্বসিত প্রশংসা করেন তারা। পাশাপাশি রয়েছে শিশু মৃত্যুর হার এক অংকে নামিয়ে আনার ক্ষেত্রে বিভিন্ন কার্যক্রম পদক্ষেপ গ্রহণের পরামর্শ তারা দিয়েছেন।

রাজ্য বর্তমানে শিশু মৃত্যুর হার প্রতি হাজারে ১২, জাতীয় স্তরে এই হার হল ২৪। এই হার হ্রাস করার ক্ষেত্রে আগামী মাসে জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশনের অধিকর্তার কার্যালয়ে রাজ্য স্তরের হাসপাতাল, জেলা স্তরের হাসপাতালের

প্রশাসনিক কাজে নিযুক্ত চিকিৎসকদের নিয়ে প্রফেসর (ডাঃ) এম শ্রীনিবাস এবং নয়াদিল্লিতে এইমস-র চিকিৎসকদের উপস্থিতিতে আলোচনাক্রমে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হবে। ত্রিপুরা মেডিক্যাল এডুকেশনের অধীনে প্রশাসনসহ বিভিন্ন সুযোগ সুবিধা আকর্ষণীয় করার উপরও পরামর্শ প্রদান করেন বিশেষজ্ঞদল। প্রসঙ্গত গত ২৮ জানুয়ারি, ২০২৬ মুখ্যমন্ত্রীর ওয়ার রুমে ভিডিও কনফারেন্সের মাধ্যমে গত ১৭ অক্টোবর ২০২৫ স্বাক্ষরিত সমঝোতা স্মারক (মৌ)-এর পরিপ্রেক্ষিতে গৃহীত পদক্ষেপ সমূহ সংক্রান্ত অ্যাকশন টেকেন রিপোর্ট নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা এবং এইমস, নিউ দিল্লির ডাইরেক্টর প্রফেসর (ডাঃ) এম. শ্রীনিবাস এবং উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে পর্যালোচনা করেন। মৌ অনুসারে স্বাস্থ্য বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে কক্ষবাহিনী গঠন, আর্থিক ক্ষমতা বৃদ্ধি এবং আইটি-সক্ষম ব্যবস্থার উন্নয়নসহ একাধিক গুরুত্বপূর্ণ প্রশাসনিক সংস্কার প্রক্রিয়াধীন ও আর্থিকভাবে বাস্তবায়িত হয়েছে। কর্মচারী নিয়োগ ও মানব সম্পদ উন্নয়নের ক্ষেত্রে বিদ্যমান সরকারি নিয়ম অনুযায়ী স্বাস্থ্য অধিকার ও ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া পরিচালিত হচ্ছে ফ্যাকালটি ডেভেলপমেন্ট, প্রশিক্ষণ ও স্কিল আপগ্রেডেশনের জন্য এইমস-এর সঙ্গে সমঝোতা কার্যক্রম শুরু হয়েছে।

চিকিৎসা শিক্ষা ও একাডেমিক উন্নয়নের ক্ষেত্রে নতুন বিতরণ চালু, স্কিল ডেভেলপমেন্ট কোর্স, সার্ভিস রুল সংশোধন এবং এইমস-এ প্রশিক্ষণের মাধ্যমে চিকিৎসা শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে কার্যক্রম পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। হাসপাতাল পরিষেবা ও পরিচালনা উন্নয়নের ক্ষেত্রে জলকির পরিষেবা, আইসিইউ সম্প্রসারণ, এটি কার্যকরিকরণ, পিপিপি মডেলে আধুনিক যন্ত্রপাতি সংযোজন এবং সাপ্লাই চেইন ব্যবস্থার উন্নয়নের কাজ চালু রয়েছে। রোগী সন্তুষ্টি ও ডিজিটাল উদ্যোগের ক্ষেত্রে ‘মেহা হাসপাতাল’ নামক বিদ্যমান রয়েছে এবং এইমসের ‘সফ্ট’ আপ গ্রহণের বিষয়ে সমঝোতা করা হয়েছে। যাতে রোগীর মতামত সংগ্রহ ও পরিষেবার গুণগত মান আরও উন্নত করা যায়।

# ভবানীপুর ভোটের ফল চ্যালেঞ্জ: মমতা বন্দ্যোপাধ্যায়ের মামলায় সব পক্ষকে হলফনামা জমার নির্দেশ কলকাতা হাইকোর্টের

কলকাতা, ২৩ জুন (আইএএনএস) : দক্ষিণ কলকাতার ভবানীপুর বিধানসভা কেন্দ্রের নির্বাচনী ফলাফলকে চ্যালেঞ্জ করে দায়ের করা মামলায় সমস্ত পক্ষকে হলফনামা জমা দেওয়ার নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। মঙ্গলবার আদালতের সিদ্ধল বেঞ্চার বিচারপতি গৌরীদাস কাশ্য এই নির্দেশ দেন। মামলাটি দায়ের করেছেন মমতা বন্দ্যোপাধ্যায়, যিনি ভবানীপুর কেন্দ্রের নির্বাচনী ফলাফলের বৈধতা নিয়ে প্রশ্ন তুলেছেন।

সাম্প্রতিক বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেস প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করা মমতা বন্দ্যোপাধ্যায় ওই কেন্দ্রে বিজেপি প্রার্থী ও বর্তমান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী-র কাছে ১৫ হাজারেরও

বেশি ভোটে পরাজিত হন। এই মাসের শুরুতে বিচারপতি গৌরীদাস কাশ্যের বেঞ্চে নির্বাচনী ফল চ্যালেঞ্জ করে আবেদন করেন মমতা বন্দ্যোপাধ্যায়। প্রাথমিক শুনানির পর বিচারপতি কাশ্য পর্যবেক্ষণ করেন যে, আবেদনটি অনপ্রতিনিধিত্ব আইন, ১৯৫১-এর বিধান মেনে দাখিল করা হয়েছে বলে প্রাথমিকভাবে আদালত সন্তুষ্ট।

ফলে মামলাটি গ্রহণ করা হয়েছে এবং আগামী দিনে বিচারপতি শুনানির জন্য তালিকাভুক্ত হবে। আদালত আগামী চার সপ্তাহের মধ্যে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী-সহ সংশ্লিষ্ট সমস্ত পক্ষকে হলফনামা জমা দেওয়ার নির্দেশ দিয়েছে। পরবর্তী শুনানি নির্ধারিত হয়েছে ১২ সপ্তাহ পরে।

এছাড়াও বিচারপতি কাশ্য ভবানীপুর কেন্দ্রের গণনা কেন্দ্রের সিসিটিভি ফুটেজ সরক্ষণের নির্দেশ দিয়েছেন। একই সঙ্গে ওই কেন্দ্রের সমস্ত বুথে ব্যবহৃত ইভিবিএম এবং ভিডিও রেকর্ডিং সংরক্ষণ করার নির্দেশ দেওয়া হয়েছে।

শুনানির শুরুতে বিচারপতি কাশ্য মমতা বন্দ্যোপাধ্যায়ের আইনজীবী ও তৃণমূল কংগ্রেসের চারবারের লোকসভা সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়-কে প্রশ্ন করেন, তাঁর দাদা বিজেপির জাতীয় মুখপাত্র হওয়ায় বিচারপতি কাশ্যের এই মামলার শুনানি নিয়ে কোনও আপত্তি রয়েছে কি না। কল্যাণ বন্দ্যোপাধ্যায় জানান, তাঁর কোনও আপত্তি নেই। এরপরই মামলার শুনানি এগিয়ে নিয়ে যান

বিচারপতি কাশ্য। উল্লেখযোগ্যভাবে, সদ্য সমাপ্ত পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে পরাজিত তৃণমূল কংগ্রেস প্রার্থীদের অধিকাংশই আদালতে নির্বাচনী ফল চ্যালেঞ্জ করেননি। দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের আইনি লড়াইয়ের আহ্বান সত্ত্বেও তারা জনমতকে মেনে নিয়েছেন বলেই মনে করা হচ্ছে।

উপলব্ধ তথ্য অনুযায়ী, নির্বাচনে পরাজিত ২১১ জন তৃণমূল প্রার্থীর মধ্যে ২০৩ জন, অর্থাৎ প্রায় ৯৬.৩০ শতাংশ, এখনও পর্যন্ত কলকাতা হাইকোর্টে কোনও নির্বাচনী আবেদন দায়ের করেননি। মমতা বন্দ্যোপাধ্যায়ের আবেদন-সহ এখনও পর্যন্ত মোট আটটি নির্বাচনী মামলা দায়ের হয়েছে।

# বাংলাদেশে সংখ্যালঘুদের নিরাপত্তা নিশ্চিত ও উগ্রপন্থা দমনের আহ্বান ভারতের

নয়াদিল্লি, ২৩ জুন (আইএএনএস) : বাংলাদেশে হিন্দু দেবদেবীর মূর্তি ও প্রতিকৃতি অবমাননার অভিযোগকে কেন্দ্র করে দেশজুড়ে বিক্ষোভের প্রেক্ষাপটে সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিত করা এবং উগ্রপন্থী শক্তির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়েছে ভারত।

মঙ্গলবার সাপ্তাহিক সাংবাদিক বৈঠকে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, বাংলাদেশে হিন্দু দেবদেবী এবং তাঁদের প্রতিকৃতি অবমাননার ঘটনায় বিক্ষোভের খবর আমরা দেখেছি। আমরা আশা করি বাংলাদেশ সরকার সেখানে উগ্রপন্থী শক্তিকে

নিয়ন্ত্রণে আনবে এবং সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিত করবে।

বাংলাদেশের বিভিন্ন সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, ভগবান রাম-এর বিষ্ণুর সর্বোচ্চ মূর্তি নির্মাণের বিরোধিতায় গাইবান্ধা জেলা-এ একটি বিক্ষোভ কর্মসূচির সময় উগ্র ইসলামপন্থীদের বিরুদ্ধে রামের প্রতিকৃতি অবমাননার অভিযোগে গুটী। এই ঘটনাকে কেন্দ্র করে দেশজুড়ে উত্তেজনা ছড়িয়ে পড়ে।

প্রস্তাবিত মূর্তি নির্মাণের কাজ আপাতত স্থগিত থাকলেও গত সপ্তাহে হাজার হাজার হিন্দু রাজধানী ঢাকা-র রাস্তায় মশাল মিছিল করেন। বিক্ষোভকারীরা

“জয় শ্রী রাম” স্লোগান দেন এবং অভিজুতদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপের দাবি জানান।

বাংলাদেশি সংবাদপত্র রিটজ-এর সম্পাদক সালাহ উদ্দিন শোয়েব চৌধুরী সামাজিক যোগাযোগমাধ্যম এম-এ দাবি করেন যে, গাইবান্ধার সনাতন কমপ্লেক্স ও ভগবান রামের প্রতিকৃতি অবমাননার প্রতিবাদে হাজার হাজার হিন্দু রাস্তায় নেমেছেন এবং এই আন্দোলন দেশব্যাপী ছড়িয়ে দেওয়ার যোগাযোগ দিয়েছেন।

উল্লেখ্য, কয়েক দিন আগেই বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা জেলার পলাশবাড়ী উপজেলার শ্রী শ্রী রাধা গোবিন্দ ও কালী মন্দির

প্রাঙ্গণে ভগবান রামের মূর্তি নির্মাণের কাজ স্থগিত করার নির্দেশ দেয় বলে স্থানীয় সংবাদমাধ্যমে জানানো হয়েছে।

মন্দিরের উপদেষ্টা শ্যামল কুমার মহন্ত গত ১১ জুন এক সাংবাদিক বৈঠকে এই সিদ্ধান্তের কথা ঘোষণা করেন।

মূর্তি নির্মাণ স্থগিতের সিদ্ধান্ত ঘিরে বিতর্ক তৈরি হয়েছে।

সামালোচকদের একাংশের দাবি, প্রকল্পটির বিরোধিতাকারী ইসলামপন্থী গোষ্ঠীগুলির চাপের মুখেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

তবে এ বিষয়ে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে ডিম কোনও অবস্থান জানানো হয়নি।

# স্বাস্থ্য সচিবের পরিদর্শনকালে অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার সেন্টারের সার্বিক উন্নয়নে একগুচ্ছ সিদ্ধান্ত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৩ জুন: অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার সেন্টারের সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে ব্যাপক পরিকল্পনা গৃহীত হয়েছে। আজ স্বাস্থ্য সচিব কিরণ গিও এই ক্যান্সার হাসপাতালটি পরিদর্শন করেন। সরেজমিনে যাবতীয় পরিস্থিতি খতিয়ে দেখে তিনি একগুচ্ছ সিদ্ধান্ত গ্রহণ করেন অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার হাসপাতালে অচিরেই বোনামারো ট্রান্সপ্লান্টেশনের লক্ষ্যে কাজ শুরু করার নির্দেশ দিয়েছেন স্বাস্থ্য সচিব কিরণ গিও। হাসপাতালে রোগীদের চিকিৎসার জন্য সব ধরনের আধুনিক ব্যবস্থানো অব্যাহত রাখতে তিনি হাসপাতাল কর্তৃপক্ষকে নির্দেশ দেন। ক্যান্সার হাসপাতালের উপর চাপ কমানোর লক্ষ্যে টিনাটি ডে কেয়ার সেন্টারে অক্সেলিজিস্টদের সেটাকারের পরিদর্শন নিশ্চিত করতে নির্দেশ দেন তিনি। উল্লেখ্য ধলাই, গোমতী ও উত্তর জেলাতে টিনাটি ডে কেয়ার সেটাকার রয়েছে। ডে-কেয়ার পরিষেবার জন্য প্রচুর মানব কাপার হাসপাতালে আসেন। লক্ষ্য হলো রোগীরা যাতে নিজ নিজ জেলাতেই এই পরিষেবা লাভ করতে পারেন। সেই উদ্দেশ্যে প্রতি মাসে একবার অক্সেলিজিস্টরা সঙ্কল্পিত ডে-কেয়ার সেটাকারগুলিতে যাবেন এবং সেখানকার চিকিৎসকদের প্রশিক্ষণ দেবেন ফলে রোগীদের জেলা থেকে ওরাল কেমোথেরাপি প্যালাটিয়েভ কেয়ার সহ বিভিন্ন পরিষেবা নিতে আগরতলা ছুটে আসতে হবে না। এর ফলে রোগীদের যেমন পরিষেবা পেতে সুবিধা হবে তেমনি ক্যান্সার হাসপাতালের উপর চাপ কমবে। ক্যান্সার হাসপাতাল থেকে অক্সেলিপাতারের জন্য বর্তমানে কোনও রোগীকে রেফার করতে হচ্ছে না। আঞ্চলিক ক্যান্সার কেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি করা, বর্তমানে এই হাসপাতালে যে সমস্ত সরঞ্জাম রয়েছে সেগুলির নিয়মিত ব্যবহার নিশ্চিত করা এবং এই হাসপাতালের মাধ্যমে জেলাগুলিতে ডে কেয়ার সেটাকার

